

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১৩)
সচিবালয় লিংক রোড, ঢাকা।
www.tmed.gov.bd



পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৯.১৯-৬৯

তারিখঃ ১৬ ফাল্গুন ১৪২৭ ব.
০১ মার্চ ২০২১ খ্রি.

বিষয়ঃ কনটেম্পট পিটিশন নং- ২২৯/২০১৯ (রিট পিটিশন নং-১১৫৩৮/২০১৪ হতে উদ্ধৃত) মামলাটি নিষ্পত্তির প্রমাণক প্রেরণ সংক্রান্ত।

সূত্রঃ (১) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৪.০০১.১৯.৮৬.২১৩৫, তারিখ: ২৯/০৯/২০১৪ খ্রি.
(২) টিএমইডি'র স্মারক নং- ৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৫৯.২০১৯-৩০৭, তারিখ: ০৮/১০/২০২০ খ্রি.
(৩) ডিটিই'র স্মারক নং- ৩৭.০৩.০০০০.০৩৬.০৪.০০১.২০.৮৬.২৩৭৭, তারিখ: ২৪/১২/২০২০ খ্রি


উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, যশোর জেলার সদর উপজেলাধীন উপশহর মহিলা ডিগ্রী কলেজ (বি.এম শাখা)-এর কম্পিউটার ডেমনোস্ট্রেটর জনাব সঞ্জীব কুমার দেবনাথ কর্তৃক মার্চ/২০১৮ হতে এমপিওভুক্তির দাবীতে দায়েরকৃত রিট পিটিশন নং-১১৫৩৮/২০১৪ মামলার ১৭/০১/২০১৮খ্রি. তারিখের রায়ের নির্দেশনা অনুযায়ী পিটিশনার-কে এমপিওভুক্ত না করা হলে পিটিশনার কর্তৃক মহামান্য হাইকোর্টে কনটেম্পট পিটিশন নং- ২২৯/২০১৯ (রিট পিটিশন নং-১১৫৩৮/২০১৪ হতে উদ্ধৃত) মামলা দায়ের করা হয়।

২। উক্ত কনটেম্পট মামলা এবং ডিজি, ডিটিই'র গত ২০/০৯/২০২০খ্রি. তারিখের সূত্রোক্ত (১) নং পত্রের প্রেক্ষিতে উক্ত রিট মামলার রায়/আদেশ অনুযায়ী কার্যক্রম গ্রহণক্রমে টিএমইডি কে অবহিত করার জন্য গত ০৮/১০/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (২) নং পত্রমূলে ডিজি, ডিটিই-কে পত্র প্রেরণ করা হয়।

৩। তৎপ্রেক্ষিতে ডিটিই কর্তৃক কনটেম্পট পিটিশন নং- ২২৯/২০১৯ (রিট পিটিশন নং-১১৫৩৮/২০১৪ হতে উদ্ধৃত) মামলার বিষয়ে কার্যক্রম গ্রহণ তথা রিট পিটিশনার জনাব সঞ্জীব কুমার দেবনাথ-এর মার্চ/২০১৮ হতে এমপিও কার্যকর করা হয়। একই সাথে রায় বাস্তবায়নের বিষয়টি মহামান্য কনটেম্পট আদালতের দৃষ্টিতে নেয়ার জন্য গত ২৪/১২/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে ডিটিই'র বিজ্ঞ প্যানেল আইনজীবীকে পত্র প্রেরণ করা হয়।

৪। ডিটিই কর্তৃক গত ২৪/১২/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে প্রেরিত পত্রের প্রেক্ষিতে বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক গৃহীত ব্যবস্থার কোন তথ্য পাওয়া যায়নি। উক্ত পত্রের উপর গৃহীত ব্যবস্থার / নিষ্পত্তির তথ্য / কনটেম্পট মামলাটি প্রত্যাহারের প্রমাণক পাওয়া আবশ্যিক।

৫। এমতাবস্থায়, টিএমইডির গত ০৮/১০/২০২০খ্রি. তারিখের সূত্রোক্ত (২) নং পত্রের নির্দেশনা অনুযায়ী রিট পিটিশন নং-১১৫৩৮/২০১৪ মামলার ১৭/০১/২০১৮খ্রি. তারিখের রায় / আদেশ বাস্তবায়নক্রমে সংশ্লিষ্ট আদালতের দৃষ্টিতে নেয়ার নিমিত্ত ডিটিই কর্তৃক গত ২৪/১২/২০২০খ্রি. তারিখে সূত্রোক্ত (৩) নং পত্রমূলে প্রেরিত পত্রের উপর বিজ্ঞ প্যানেল আইনজীবী কর্তৃক গৃহীত ব্যবস্থার / নিষ্পত্তির তথ্য / কনটেম্পট মামলাটি পিটিশনার কর্তৃক প্রত্যাহারের ব্যবস্থা গ্রহণক্রমে (যেহেতু পিটিশনার-কে চাহিত প্রতিকার দেয়া হয়েছে) প্রমাণক প্রেরণের জন্য নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো।


০১.০৬.২১
(নূরজাহান বেগম)

সিনিয়র সহকারী সচিব (অডিট)
ফোন-৪১০৫০১৫৭।

মহাপরিচালক
কারিগরি শিক্ষা অধিদপ্তর
এফ-৪/বি, আগারগাঁও, ঢাকা-১০০০।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৩। অতিরিক্ত সচিব (কারিগরি) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। অতিরিক্ত সচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। অফিস কপি/মাস্টার কপি।